# ♣ উত্তরপত্র

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) হিসাব সহকারী (২৮-৭-২৩)

**Total questions : 70 Total marks : 70**

---

1) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কোন মন্ত্রণালয়ের অধীন?

✔ 1) প্রতিরক্ষা মন্ত্রনালয়
2) প্রধানমন্ত্রী কার্যালয়
3) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়
4) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়

**ব্যাখ্যা :** প্রতিরক্ষা মন্ত্রনালয়ের অধীন দপ্তরঃ
* বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি)
* বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি)
* বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
* বাংলাদেশ জরিপ অধিদপ্তর (এসওবি)
* সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর (সাভূসে)
* কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ)
* প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয় (সিএও)

2) দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ

✔ 1) দুঃ+উহ
2) দুঃ + রুহ
3) দুর + উহ
4) দুর + হ

**ব্যাখ্যা :** পূর্বপদের শেষে অ / আ ভিন্ন অন্য স্বরধনির সাথে বিসর্গ (র জাত) এবং পরপদের প্রথমে স্বরধনি থাকলে সন্ধির ফলে বিসর্গ \'র\' হয়ে পরের স্বরধনির সাথে যুক্ত হয়। যেমন- দুঃ এর বিসর্গ ঊহ এর \'ঊ\' স্বরধ্বনির সাথে মিলিত হয়ে দুরূ (হ) গঠন করেছে। [তথ্যসূত্রঃ বাংলা ভাষার ব্যাকরন ৯ম-১০ম শ্রেনী]

3) ‘বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন’- এই পরোক্ষ উক্তির প্রত্যক্ষরূপ হবে :

1) বাবা ছেলেকে বললেন যে, তোমার দীর্ঘায়ু হোক
2) বাবা ছেলেকে বললেন, বাবা তুমি দীর্ঘজীবী হও
✔ 3) বাবা ছেলেকে বললেন, ‘তুমি দীর্ঘজীবী হও’
4) বাবা ছেলেকে বললেন যে, আমি তোমার দীর্ঘায়ু কামনা করি

**ব্যাখ্যা :**

Hello BCS

প্রত্যক্ষ উক্তিতে বক্তার বক্তব্যটুকু উদ্ধরণচিহ্নের (“ ”) অন্তর্ভুক্ত থাকে। পরোক্ষ উক্তিতে উদ্ধরণ চিহ্ন লোপ পায়। প্রথম উদ্ধরণ চিহ্ন স্থানে ‘যে’ এই সংযোজক অব্যয়টি ব্যবহার করতে হয়। বাক্যের সঙ্গতি রক্ষার জন্য উক্তিতে ব্যবহৃত বক্তার পুরুষের পরিবর্তন করতে হয়। যেমন- পরোক্ষ উক্তি : ‘বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন’ প্রত্যক্ষ উক্তি : বাবা ছেলেকে বললেন, ‘তুমি দীর্ঘজীবী হও’। বাক্যের অর্থ-সঙ্গতি রক্ষার জন্য সর্বনামের পরিবর্তন করতে হয়। যেমন-প্রত্যক্ষ উক্তি : রশিদ বলল, “আমার ভাই আজই ঢাকা যাচ্ছেন।” পরোক্ষ উক্ত : রশিদ বলল যে, তার ভাই সেদিনই ঢাকা যাচ্ছিলেন। [তথ্যসূত্র - বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, সৌমিত্র শেখর]

4) সাধু ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?

1) ক্রিয়া ও অব্যয়
2) অব্যয় ও ক্রিয়া
3) সর্বনাম ও বিশেষ্য
✔ 4) ক্রিয়া ও সর্বনাম

**ব্যাখ্যা :** সাধু ও চলিত রীতির পার্থক্য সর্বনাম ও ক্রিয়া পদে ক্রিয়া পদে বেশি পরিলক্ষিত হয়।সাধু ও চলিত রীতির পার্থক্য সর্বনাম ও ক্রিয়া পদে বেশি পরিলক্ষিত হয়।
সাধু ভাষা :
১। যে ভাষায় সাধারণত সাহিত্য রচিত হয় এবং যা মার্জিত ও সর্বজনস্বীকৃত, তাই সাধু ভাষা
২। সাধু ভাষা ব্যাকরণের সুনির্দিষ্ট ও সুনির্ধারিত নিয়মের অনুসারী।
৩। সাধু ভাষা গুরুগম্ভীর ও আভিজাত্যের অধিকারী।
৪। সাধু ভাষার কাঠামো সাধারণত অপরিবর্তনীয়।
৫। সাধু ভাষা কৃত্রিম।
৬। সাধু ভাষা নাটকের সংলাপ, আলাপ - আলোচনা ও বক্তৃতায় তেমন উপযোগী নয়।
৭। সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমন—খাইতেছি, তাহারা ইত্যাদি।
৮। এ ভাষা প্রাচন।
৯। সাধু ভাষায় তৎসম শব্দের প্রয়োগ বেশি।

চলিত ভাষা :
১। শিক্ষিত লোক সাধারণ কথাবার্তায় যে ভাষা ব্যবহার করে থাকে, তাই চলিত ভাষা।
২। চলিত ভাষার সুনির্ধারিত ব্যাকরণ আজও তৈরি হয়নি।
৩। চলিত ভাষা সহজ ও স্বাভাবিক। এ ভাষা মানুষের মনোভাব প্রকাশে উপযোগী।
৪। চলিত ভাষা পরিবর্তনশীল।
৫। চলিত ভাষা কৃত্রিমতাবর্জিত।
৬। চলিত ভাষা নাটকের সংলাপ, আলাপ আলোচনা ও বক্তৃতায় বেশ উপযোগী।
৭। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদগুলো সংক্ষিপ্ত। যেমন -খাচ্ছি, তারা ইত্যাদি।
৮। এটি আধুনিক।
৯। চলিত ভাষায় অর্ধতৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি শব্দের প্রয়োগ বেশি।
১০। চলিত ভাষায় এদের প্রয়োগ লক্ষণীয়।

Hello BCS

5) 0.3 + 0.003 + 0.00003 + ........ ধারাটির অসীম পর্যন্ত যোগফল-

✔ 1) 10/33
2) 1/3
3) 1/33
4) 33/100

**ব্যাখ্যা :** ধারাটি 0.3 + 0.003 + 0.00003 + .......
ধারাটির প্রথম পদ a = 0.3
সাধারণ অনুপাত, r = 0.003 / 0.3 = 1/100
ধারাটির অসীম পর্যন্ত যোগফল, S = a / (1+r)
= 0.3/{(1-1)/100}
= (3/10)/(99/100)
= 10/33
= 10/33

6) The Rainbow is

✔ 1) a poem by wordsworth
2) a short story by somerset Maugham
3) a novel by D.H. Lawrence
4) a verse by coleridge

**ব্যাখ্যা :** The Rainbow' is indeed a novel written by British author D.H. Lawrence. it follows the lives of three generations of the Brangwen family in the English Midlands.

Hello BCS

7) কোন স্কুলে ১২০ ছাত্রের মধ্যে ৭৫ জন বাংলা ভাষায় এবং ৬০ জন ইংরেজি ভাষায় কথা বলে । কত জন উভয় ভাষায় কথা বলতে পারে?

1) ১০
✔ 2) ১৫
3) ২০
4) ৩৫

**ব্যাখ্যা :** আমরা জানি,
n(AUB) =n(A)+n(B) - n(A∩B)
উভয় ভাষায় কথা বলতে পারে, n (A∩B) = n(A)+n(B) - n(AUB)
= ৭৫+৬০-১২০ = ১৫ জন

8) বাস্তব সংখ্যায় $|3x+2| < 7$ অসমতাটি'র সমাধান

1) -3
2) - 5/3
✔ 3) $5/3 < x < 5/3$
4) 5/3

**ব্যাখ্যা :** $|3x+2| < 7$
$= -7 < 3x + 2 < 7$
$= -7-2 < 3x + 2 - 2 < 7-2$
$= -9 < 3x < 5$
$= -9/3 < 3x/3 < 5/3$
$= -3 < x < 5/3$

9) The boy said 'I ..... starve than beg

1) better
2) would better
✔ 3) would rather
4) rather

**ব্যাখ্যা :** Would rather is followed by a past subjunctive when its subject is different than the subject of the following verb. This happens when we talk about what we want someone else to do. Structure: Subject + would rather + present form of verb + than + present form of another verb

Hello BCS

10) Who is the author of '1984'?

1) Issac Asimov
2) Arther C. Clarke
✔ 3) George Orwell.
4) H.G. Wells

**ব্যাখ্যা :** George Orwell wrote 1984 as a cautionary tale and a warning to his readers, showing what their lives will be like if they allow totalitarian rule to take over their society.Some famous work: 1984, Animal Farm, Down and Out in Paris and London, Keep Aspidistra Flying,Homage to Catalonia, Burmese Days,A Clergyman's Daughter... Some Famous book by HG wells, The Time Machine (1895), The War of the Worlds (1898), The First Men in the Moon (1901), The Invisible Man (1897).,The Shape of Things to Come (1933)., The War in the Air (1908). Some Famous book by Arther C. Clarke: The Hammer of God, The Deep Range,Prelude to Space, Richter 10, The Songs of

Distant Earth,A Fall Moondust, Against the Fall of Night Some famous book by Issac Asimov: The Naked Sun, Robot Dreams, Forward The Foundation, The Gods Themselves,Pebble in the Sky [ps Explore all things Literature

11) তপোবন' কোন সমাস?

1) রূপক কর্মধারয়
2) বহুব্রীহি
3) দ্বিগু
✔ 4) চতুর্থী তৎপুরুষ

**ব্যাখ্যা :** পূর্বপদের বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যে কোনো বিভক্তি থাকতে পারে এবং পূর্বপদের বিভক্তি অনুসারে এদের নামকরণ করা হয়। যেমন ; বিপদকে আপন্ন= বিপদাপন্ন। পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমন :তপের নিমিত্তে বন তপবন, গুরুকে ভক্তি= গুরুভক্তি, আরামের জন্য কেদারা= আরামকেদারা, বসতের নিমিত্ত বাড়ি- বসতবাড়ি, বিয়ের জন্য পাগলা বিয়ে পাগলা ইত্যাদি [তথ্যসুত্রঃ বাংলা ব্যাকরণ ৯ম ১০ম শ্রেণী]

12) নিম্নের কোনগুচ্ছের শব্দগুলো বর্ণাক্রমিকভাবে সাজানো?

1) নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
✔ 2) নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
3) নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়
4) নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিরাময়

**ব্যাখ্যা :** ব্যঞ্জনবর্ণের ক্রমঃ দ-ম-র-র-ষ-স। সে অনুযায়ীঃ নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ

Hello BCS

13) 'Sweet are the uses of adversity' is quoted from Shakespeare's –

1) Julius Caesar
2) Comedy of Errors
3) Macbeth
✔ 4) As you Like It

**ব্যাখ্যা :** 'As You Like It' is a great comedy by William Shakespeare.
In this play, Duke Senior made this memorable speech-
"Sweet are the uses of adversity,
Which, like the toad, ugly and venomous,
Wears yet a precious jewel in his head;
And this our life, exempt from public haunt,
Finds tongues in trees, books in the running brooks,
Sermons in stones, and good in everything."

Source: As You Like It and Britannica.

14) একটি থলিতে ৪ টি নীল, ৫ টি কালো ও ৬ টি সবুজ বল আছে। দৈবচয়নে ব্যাগটি হতে একটি বল নেয়া হলে বলটি কালো হওয়ার সম্ভাব্যতা কত?

1) ৫/১৫
2) ৬/১৫
3) ১/৫
✔ 4) ১/৩

**ব্যাখ্যা :** থলিতে ৪ টি নীল, ৫ টি কালো ও ৬ টি সবুজ বল আছে। মোট বল সংখ্যা = ৪+৫+৬ = ১৫ টি
সম্ভাব্যতা = একটি ইভেন্ট তৈরী করে ফলাফলের সংখ্যা/ ফলাফলের মোট সংখ্যা
ফলাফলের মোট সংখ্যা একটি বল নেয়া হিলে বলটি কালো হওয়ার সম্ভাব্যতা = ৫/১৫ = ১/৩

15) Parcel meaning

1) quarrel
✔ 2) piece of land
3) postage
4) unobstructed view

**ব্যাখ্যা :** The term 'parce' has a few different meanings depending on the context:
1. As a noun: A 'parcel' refers to a package or a small box containing goods, documents, or items that are to be delivered or sent to someone else.
2. As a verb: 'Parcel' can also be used as a verb, meaning to wrap up or package something to be delivered or sent to another location.

Hello BCS

16) Find out the Bangla Meaning of 'Wait on'

1) অপেক্ষা করা
✔ 2) সেবা করা
3) অভাব
4) বিহীন

**ব্যাখ্যা :** Wait on - সেবা করা
Wait for - অপেক্ষা করা।

17) A dogs is called 'pack of dogs'; what is a group of lions called?

✔ 1) pride of lions
2) a colony of lions

3) a flock of lions
4) a cluster of lions

**ব্যাখ্যা :** Group of lions is called a pride A pride consist of around 10-15 lions, including some adult males and females with their cubs. Also, A group of domestic cats is called a glaring. An assemblage of leopards is a leap. And when tigers get together they form a streak.

18) কোলেস্টেরল এক ধরণের

✔ 1) অসম্পৃক্ত এলকোহল
2) জৈব এসিড
3) পলিমার
4) এমিনো এসিড

**ব্যাখ্যা :** কোলেস্টেরল একধরনের প্রাণিজ স্টেরল । এগুলো দানাদার যৌগ এবং এর কাঠামোতে একটি হাইড্রোক্সিল গ্রুপ রয়েছে। এই স্টেরলগুলোকে কঠিন বা অসম্পৃক্ত অ্যালকোহল বলা হয়।

19) ও কি ক্ষুধাতুর পাঁজরায় বাজে........।' চরণটির শূন্যস্থানে কি হবে?

1) বেদনা মজলুমের
2) জীবনের আহাজারি
✔ 3) মৃত্যুর জয়ভেরী
4) মরণের রোনাজারী

**ব্যাখ্যা :** ও কি দরিয়ার গর্জন,- ও কি বেদনা মজলুমের!
ও কি ধাতুর পাঁজরায় বাজে মৃত্যুর জয়ভেরী। চরনদুটি ফররুখ আহমেদ এর রচিত পাঞ্জেরি কবিতা থেকে নেওয়া হয়েছে। আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম জনপ্রিয় কবি ফররুখ আহমদ। তিনি মুসলিম রেনেসাঁর কবি হিসেবে সমধিক পরিচিত। কবি ফররুখ আহমদের সাত সাগরের মাঝি কাব্যগ্রন্থের অন্তর্গত পাঞ্জেরী কবিতাটি তার লেখা অন্যতম শ্রেষ্ঠ কবিতা। কবিতাটিতে কিছু সাধারণ প্রতীকি শব্দ ব্যবহার করে কবি তাকে অসাধারণ বক্তব্য ফুটিয়ে তুলেছেন। কবিতার শিরোনাম পাঞ্জেরী। ফারসি এ শব্দটির বাংলা অর্থ হচ্ছে জাহাজের অগ্রভাগে রক্ষিত পথনির্দেশক আলোকবর্তিকা কিংবা আলোকবর্তিকাধারী ব্যক্তি। যার মাধ্যমে নাবিকগণ সমুদ্রের দুর্গম পথ অতিক্রম করে। তবে কবি এখানে একজন সাধারণ চালক নয় এ প্রতীক শব্দটি ব্যবহার করেছেন স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দানকারী কোটি কোটি মানুষের সুযোগ্য নেতাকে।[তথ্যসূত্রঃ পাঞ্জেরি কবিতা (ফররুখ আহমেদ)]

20) $\sin^2\Theta + \cos^2\Theta$ = ?

1) 1/√2
2) √3/2
3) 1/2
✔ 4) 1

Hello BCS

**ব্যাখ্যা :** $\sin^2\Theta + \cos^2\Theta = 1$
Other than this, there are some generalized formulas derived using this property;
$\cos^2\Theta = 1 - \sin^2\Theta$
$\cos^2\Theta = \cos^2\Theta - \sin^2\Theta$
$\sin^2\Theta = 1 - \cos^2\Theta$

21) পানির তৈরিতে ব্যবহৃত এনজাইমের নাম

1) পেপেইন
✔ 2) রেনিন
3) ক্যাটালেজ
4) পেকটিন

**ব্যাখ্যা :** দুগ্ধশিল্পেঃ দীর্ঘদিন ধরেই দুগ্ধ শিল্পে বিভিন্ন দুগ্ধজাত দ্রব্য যেমন পনির, দই, ঘোল তৈরি করার জন্যে বাছুরের পাকস্থলীতে উৎপন্ন রেনেট ব্যবহৃত হতো। রেনেট হচ্ছে কতগুলো প্রোটিয়েজ এনজাইম নিয়ে গঠিত একটা তরল যা তৃণভোজী স্তন্যপায়ীদের পাকস্থলীতে উৎপন্ন হয়। রেনেট এ রেনিন, পেপসিন এনজাইম থাকে যে গুলো দুধ এর প্রোটিন ক্যাসিন কে ভেঙ্গে ফেলে। বর্তমানে বাছুর এর রেনেট এর পরিবর্তে মাইক্রোবিয়াল রেনেট ব্যবহার করা হয়। মাইক্রোবিয়াল রেনেট এ এসিড অ্যাসপারটে প্রোটিয়েজ এনজাইম থাকে। আবার দই, ঘোল তৈরি তে ল্যাকটেজ এনজাইম ব্যবহৃত হয়। ল্যাকটেজ দুধ এর শর্করা ল্যাকটোজ কে আদ্রবিশ্লেষিত করে। এছাড়া পনির এর গন্ধ ঠিক রাখতে লাইপেজ এনজাইম ব্যবহৃত হয়।পনির তৈরিতে এনজাইম রেনিন ব্যবহৃত হয়। রেনিন দুধের ননীকে জমাট বাঁধতে সহায়তা করে এবং পরে ননী থেকে পনির তৈরি করা হয়। ক্যাটালেস হল একটি মূল এনজাইম যা হাইড্রোজেন পারক্সাইড, একটি নন-র‍্যাডিকাল ROS, তার সাবস্ট্রেট হিসাবে ব্যবহার করে। এই এনজাইমটি হাইড্রোজেন পারক্সাইডের পচনের মাধ্যমে নিরপেক্ষকরণের জন্য দায়ী, যার ফলে কোষে অণুর সর্বোত্তম স্তর বজায় থাকে যা সেলুলার সিগন্যালিং প্রক্রিয়াগুলির জন্যও অপরিহার্য। পেঁপেতে রয়েছে পেপেইন নামক এনজাইম যা হজমশক্তি বাড়ায়। ফলের রস উৎপাদনের সময় পেকটিন এনজাইম ব্যবহার করলে রসের ঘোলাটে অবস্থা কেটে যায় এবং রস পরিষ্কার ও সুস্বাদু হয়।

Hello BCS

22) বড় > বড্ড-এটি কোন ধরনের পরিবর্তন?

1) বিষমীভবন
2) ব্যঞ্জন-বিকৃতি
✔ 3) ব্যঞ্জনদ্বিত্ব
4) সমীভবন

**ব্যাখ্যা :** দ্বিত ব্যঞ্জন (Long Consonant) বা ব্যঞ্জনদ্বিত্ব : কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, একে বলে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জনদ্বিত্ব। যেমন- বড় > বড্ড, পাকা > পাক্কা, সকাল > সক্কাল ইত্যাদি।

23) কোন দলিলের ভিত্তিতে বিক্রয় ফেরত বই তৈরী করা হয়?

1) ক্যাশ মেমো
2) ডেবিট নোট
3) চালান
✔ 4) ক্রেডিট নোট

**ব্যাখ্যা :** ক্রেডিট নোট : পণ্য বা পরিষেবা সরবরাহ করতে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে ক্রেতার কাছে বিক্রেতার দ্বারা ক্রেডিট নোট জারি করা হয়। সরবরাহকারী স্বেচ্ছায় চালানের কিছু অংশ বা পুরোটা ফেরত দিতে এগিয়ে আসে। চালানটি মোছা যাবে না এবং এইভাবে অর্থ প্রদানের সামঞ্জস্য করার জন্য একটি ক্রেডিট নোট জারি করতে হবে। ক্রেডিট নোট সরবরাহকারীকে ক্লায়েন্টের অ্যাকাউন্টে সংশ্লিষ্ট পরিমাণ ক্রেডিট করার অনুমতি দেয়। উদাহরণস্বরূপ, এটি পণ্য ফেরত দেওয়ার জন্য করা যেতে পারে, যেখানে পণ্যের মূল্য গ্রাহকের অ্যাকাউন্টে ফেরত জমা হয়।
ডেবিট নোট : ক্লায়েন্ট বা ক্রেতা বা গ্রাহক বিক্রয়কারী, পরিষেবা সরবরাহকারী, বা সরবরাহকারীকে ত্রুটিযুক্ত পণ্য বিক্রির ক্ষেত্রে প্রদানের অর্থ ফেরতের বা সামঞ্জস্য করার অনুরোধ করে একটি নোট দেয়। সাধারণভাবে, ডেবিট অর্থ অ্যাকাউন্ট এন্ট্রির ফলে কোনও সংস্থার ব্যালান্স শিটের যথাক্রমে সম্পদ বা দায়বদ্ধতা বৃদ্ধি বা হ্রাস ঘটে।
ডেবিট নোট উপস্থাপনের জন্য আদর্শ সময় (GST সম্মতি)
• ট্যাক্স চালান প্রস্তুত এবং জারি করা হয় এবং করযোগ্য পরিমাণ প্রকৃত করের তুলনায় কম
• প্রদত্ত শুল্কের তুলনায় ট্যাক্স চালানটি প্রেরণ করা হয় এবং করের চার্জ কম হয়
চালানঃ লিখিত দলিল ক্রেতার নিকট প্রেরণ করা হয় তাকে চালান বলা হয়।চালান মূল্যবান দলিল হিসেবে ব্যবহৃত হয়। চালানে ক্রেতার নাম, পণ্যের পরিমাণ, বিশদ বিবরণ, দর, মূল্য ইত্যাদি উল্লেখ থাকে।
নগদ মেমো (Cash memo) : অর্থাৎ নগদ মেমো হল ক্রেতা এবং বিক্রেতার মধ্যে নগদ লেনদেনের অন্যতম নথি, এবং বিক্রেতা নগদ বিক্রির জন্য এটি প্রস্তুত করে এবং পণ্য ক্রয়ে ক্রেতাকে একই দেওয়া হয়। এটি ব্যবসায়ের দ্বারা তৈরি সমস্ত নগদ বিক্রয়ের ডকুমেন্টারি প্রমাণ এবং এটি ক্রেতার জন্য নগদ ক্রয়ের প্রমাণ।
[তথ্যসূত্রঃ হিসাববিজ্ঞান প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি]

24) অর্থের অপকর্ষ ঘটেনি কোন শব্দে?

1) অর্বাচীন
2) বিরক্ত
3) ইতর
✔ 4) উৎসাহ

**ব্যাখ্যা :** অর্থের অপকর্ষঃ কোন শব্দের অর্থ আগে উৎকর্ষসূচক হলেও পরবর্তীকালে তার দ্বারা হীন বা তুচ্ছ বস্তুকে বোঝালে তাকে অর্থের অপকর্ষ বা অর্থের অবনতি বলে।

25) Change the speech: The boy said to me, 'let me go now.'

1) The boy told me that he should go then
2) The boy proposed that he might be allowed to go
3) The boy proposed that he might be allowed to go.

Hello BCS

✔ 4) The boy told me that he might be allowed to go then

**ব্যাখ্যা :** When 'let' indicates permission, 'let' changes to 'might' or 'might be allowed to'. The reporting verb may remain the same or can be changed to 'request/might/might be allowed to'

26) What is the verb form of the word 'ability’?

1) capable
2) unable
✔ 3) enable
4) inability

**ব্যাখ্যা :** ability (সামর্থ্য) এর verb form হচ্ছে enable (সমর্থ করা)।
Enable (verb):
Meaning -
1. Give (someone) the authority or means to do something; make it possible for.
2. Make (a device or system) operational; activate.

অন্যদিকে,
capable (Adjective) = সমর্থ
inability (Noun) = অক্ষমতা
unable (Adjective) = অক্ষম

27) অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?

1) বৈদেশিক সাহায্য
2) উন্নয়নের গতি ধারা
✔ 3) দুর্ভিক্ষ ও দারিদ্র্য
4) ক্ষুদ্রঋণ

**ব্যাখ্যা :** অমর্ত্য সেন একজন অর্থনীতিতে নোবেল স্মারক পুরস্কার বিজয়ী ভারতীয় বাঙালী অর্থনীতিবিদ ও দার্শনিক। দুর্ভিক্ষ, মানব উন্নয়ন তত্ত্ব, জনকল্যাণ অর্থনীতি ও গণদারিদ্রের অন্তর্নিহিত কার্যকারণ বিষয়ে গবেষণা এবং উদারনৈতিক রাজনীতিতে অবদান রাখার জন্য। ১৯৯৮ সালে তিনি অর্থনৈতিক বিজ্ঞানে ব্যাংক অফ সুইডেন পুরস্কার (যা অর্থনীতির নোবেল পুরস্কার হিসেবে পরিচিত) লাভ করেন।সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি : বিবিসি বাংলার জরিপে ১৪ নম্বরে অর্থনীতিবিদ অমর্ত্য সেন অমর্ত্য সেন এর লেখা বইগুলোর মধ্যে অন্যতম হলোঃ Development as Freedom (বাংলা অনুবাদে উন্নয়ন ও স্ব-ক্ষমতা), Rationality and Freedom, The Argumentative Indian (বাংলায় তর্কপ্রিয় ভারতীয়) এবং The Idea of Justice,Identity and Violence The Illusion of Destiny (বাংলায় পরিচিতি ও হিংসা).

Hello BCS

28) হিসাবকাল নীতি অনুসারে কোন হিসাবগুলো বছর শেষে বন্ধ করে দিতে হয়?

1) সম্পত্তি হিসাব
2) দায় হিসাব
✔ 3) আয়-ব্যয় হিসাব
4) স্বত্বধিকার

**ব্যাখ্যা :** হিসাব বিজ্ঞানে আয়-ব্যয় মিলকরণ নীতি একটি গুরুত্বপূর্ন নীতি। হিসাবকাল ধারণা অনুসারে প্রতিটি প্রতিষ্ঠান একটি নির্দিষ্ট মেয়াদের জন্য বা সময় কালের জন্য হিসাব প্রস্তুত করে থাকে। আয়-ব্যয় মিলকরণ নীতি অনুসারে প্রতিটি হিসাবকালের আয়ের বিপরীতে সে হিসাবকালের ব্যয় হিসাবভুক্ত করতে হবে। অর্থাৎ এক হিসাব কালের ব্যয় অন্য হিসাবকালের আয়ের বিপরীতে দেখানো যাবে না। কেননা হিসাব বিবরণী প্রস্তুতের অন্যতম উদ্দেশ্য হলো কারবারের ব্যবসায়িক ফলাফল নিরূপণ করা। আয়ের বিপরীতে সংগঠিত ব্যয় দেখানো না হলে সঠিক ফলাফল নিরূপণ করা যাবে না। প্রতিটি আয় এবং ব্যয় যদি সংশ্লিষ্ট হিসাব কালের হিসাব বিবরণীতে প্রদর্শন করা হয়, সে ক্ষেত্রেই কেবল সম্ভব ব্যয় সমূহকে সংশ্লিষ্ট আয়ের বিপরীতে প্রদর্শন করা এবং সঠিক আর্থিক ফলাফল নিরূপণ করা। মিলকরণ নীতি অনুসারে কারবারের হিসাবরক্ষনের জন্য বকেয়া ভিত্তিক হিসাব প্রস্তুত করতে হয়। এজন্য বছর শেষে বন্ধ করে হিসাব বন্ধ করে দিতে হয় [হিসাববিজ্ঞান প্রথম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি]

29) একটি বাঁশের ১/৪ অংশ কাদায়, ও ৩/৫ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

1) ১৬ মি
2) ১২ মি
✔ 3) ২০ মি
4) ১৫ মি

**ব্যাখ্যা :** ধরি, বাশঁটির মোট দৈর্ঘ্য x মিটার।
কাদায় আছে = x / ৪ মিটার।
এবং পানিতে আছে ৩x/৫ মিটার।
প্রশ্নমতে, x/৪ + ৩x/৫ +৩ = x
বা, (৫x + ১২x+৬০) / ২০ =x
বা, ১৭x + ৬০ = ২০x
বা, ৩x = ৬০
∴ x = ২০ মিটার
সুতরাং বাশটির দৈর্ঘ্য ২০ মিটার।

30) The antonym of 'insipid' is

1) cold
2) dull
✔ 3) exciting
4) sanguine

Hello BCS

**ব্যাখ্যা :** insipid. Antonyms: flavors, forcible, lively, piquant, pungent, racy, rich, spicy, spirited. Synonyms: cold, dull, flat, flavorless, prosy, stale, stupid, tasteless, vapid.

31) Deciduous' trees are threes those -

1) have fleshy leaves
2) are extremely big
3) have delicious leaves
✔ 4) lose the leaves annually

**ব্যাখ্যা :** 'Deciduous trees’ (পত্রঝরা বা পর্ণমোচী উদ্ভিদ) হলো ঐসব গাছ যেগুলোর প্রতিবছর বিশেষ সময়ে। (সাধারণত হেমন্তকালে) পাতা ঝরে যায়। সুতরাং সঠিক উত্তর lose the leave annually।

32) এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো- বাক্যটি কোন ধরনের?

1) অনুজ্ঞাবাচক
✔ 2) নির্দেশাত্মক
3) প্রশ্নবোধক
4) বিস্ময়বোধক

**ব্যাখ্যা :** কোনো ঘটনা ভাব বা বক্তব্যের তথ্য যে বাক্য প্রকাশ করে তাকে বলা হয় নির্দেশবাচক বাক্য। এই নির্দেশবাচক, নির্দেশমূলক বাক্য, নির্দেশসূচক বাক্য, নির্দেশাত্মক বাক্য, শুদ্ধ বর্ণনাত্মক বাক্য, বিবৃতিমূলক বাক্য প্রভৃতিও বলা হয়। যেমন : সে একটি গল্পের বই পড়ছে,এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো ইত্যাদি। [তথ্যসূত্রঃ নবম দশম শ্রেণী বাংলা ব্যাকরণ]

33) জাপান সাগরের তীরে রুশ বন্দর ও নৌঘাঁটি কোনটি?

1) তাসখন্দ
2) ক্রেমলিন
✔ 3) ভলদিভোস্টক
4) লেনিনগ্রাড

**ব্যাখ্যা :** Vladivostok, seaport and administrative centre of primorsky kray(territory), extreme southeastern Russia. It is located around Zolotoy Rog (Golden Horn Bay)on the western side of a peninsula that separates Amur and Ussuri bays on the sea of Japan.
ভলাদিভোস্টক, সমুদ্রবন্দর এবং প্রিমর্স্কি ক্রে (অঞ্চল), যা দক্ষিণ - পূর্ব রাশিয়ার প্রশাসনিক কেন্দ্র। এটি একটি উপদ্বীপের পশ্চিম দিকে জোলোটয় রোগ (গোল্ডেন হর্ন বে) এর চারপাশে অবস্থিত যা জাপান সাগরে আমুর এবং উসুরি উপসাগরকে পৃথক করে।

Hello BCS

34) I am looking for someone who .... play the piano.

1) able to
2) is able
3) can be able to
✔ 4) can

**ব্যাখ্যা :** can' is a modal verb used to express ability, permission, possibility, and requests.
Examples:
1. Ability: She can swim.
2. Permission: Can I use your phone?
3. Possibility: The meeting can be rescheduled.
4. Requests: Can you pass me the salt, please?

35) দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট কে ছিলেন?

✔ 1) ডি ক্লার্ক
2) পিটার বোথা
3) ড. মালান
4) ফরস্টার

Hello BCS

**ব্যাখ্যা :** দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট ডি ক্লার্ক। তিনি দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট রাজনীতিবিদ হিসেবে পরিচিত ব্যক্তিত্ব। ১৯৮৯ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত তিনি দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি ছিলেন। ১৯৯৩ সালে অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলার সাথে তিনিও শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। দক্ষিণ আফ্রিকায় গণতন্ত্রের নতুন যুগের সূচনা করেন ও শান্তিপূর্ণ সহাবস্থানের প্রেক্ষাপটে তারা এ পুরস্কারে মনোনীত হন। শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট ডি ক্লার্ক মারা গেছেন ১১ নভেম্বর ২০২১, মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর। [তথ্যসুত্রঃ বিভিন্ন দৈনিক পত্রিকা]

36) সজনীকান্ত দাস সম্পাদিত পত্রিকার নাম কী?

✔ 1) শনিবারের চিঠি
2) রবিবারের ডাক
3) বঙ্গদর্শন
4) বিজলী

**ব্যাখ্যা :** সজনীকান্ত দাস বিংশ শতাব্দীর প্রথম ভাগের বাংলা সাহিত্য আন্দোলনের অন্যতম প্রধান ব্যক্তিত্ব। সাহিত্যের প্রায় সকল শাখায় তার অবাধ বিচরণ ছিল। শনিবারের চিঠি পত্রিকার সম্পাদক হিসেবে তার প্রধান পরিচিতি। শনিবারের চিঠি যা বিংশ শতকের প্রথমার্ধে ১৯২৪ খ্রিষ্টাব্দে প্রবর্তিত হয়েছিল। এটি ছিল একটি সাপ্তাহিক কাগজ এবং এর মূল স্বত্বাধিকারী ছিলেন অশোক চট্টোপাধ্যায় যোগানন্দ দাস এর প্রতিষ্ঠাতা সম্পাদক। বঙ্গদর্শন মাসিক সাহিত্যপত্রিকা। ১৮৭২ সালে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) কর্তৃক এটি প্রথম প্রকাশিত হয়। উনিশ শতকের বাংলা ভাষা ও সাহিত্য, বিশেষত বাংলা গদ্যের গঠনে এর অবদান অবিস্মরণীয়। পত্রিকাটি

১৮৭৬ পর্যন্ত মাত্র চার বছর প্রকাশিত হয়। বিজলী ১৯২০ সালে প্রথম প্রকাশিত চলচ্চিত্র বিষয়ক একটি সাপ্তাহিক বাংলা পত্রিকার, যার উদ্যোক্তা নলিনীকান্ত সরকার, বারীন্দ্রকুমার ঘোষ, শচ্চিদানন্দ সেনগুপ্ত, অরুণ সিংহ এবং দীনেশ রঞ্জন দাস। এর সম্পাদকদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন নলিনীকান্ত সরকার ও প্রবোধকুমার সান্যাল প্রমুখ।

37) ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন

✔ 1) ক্ষমার্হ
2) ক্ষমাপ্রদ
3) ক্ষমার্থ
4) ক্ষমাহা

**ব্যাখ্যা :** ক্ষমার যোগ্য - ক্ষমার্হ ; ক্ষমার অযোগ্য - অমার্জনীয় ;

38) SCIENCE' শব্দটির স্বরবর্ণগুলোকে একত্রে রেখে সবকয়টি বর্ণকে সম্ভাব্য যত উপায়ে সাজানো যায় তাদের সংখ্যা-

1) 60
2) 120
✔ 3) 180
4) 420

**ব্যাখ্যা :** SCIENCE শব্দটিতে বর্ণসংখ্যা ৭টি স্বরবর্ণ তিনটিকে একত্রে বর্ণ বিবেচনা করলে অর্থাৎ SCNC (EEI) বর্ণসংখ্যা হবে ৫টি SCNC (EEI) এর সাজানো সংখ্যা = মোট ৫টি বর্ণ যেখানে দুটি
C = 5!2! = 5x4x3x2x12 x 1 = 60
আবার (EEL) এর বিন্যাস সংখ্যা = 3!2!
অতএব, নির্ণেয় বিন্যাস সংখ্যা = 60x3 = 180

Hello BCS

39) গাছপাথড় বাগধারাটির অর্থ কী?

1) বাড়াবাড়ি
2) প্রাচীন বস্তু
✔ 3) হিসব নিকাশ
4) অসম্ভব বস্তু

**ব্যাখ্যা :** গাছপাথর - হিসাব নিকাশ।
অক্ষয় বট - প্রাচীন বস্তু
অকালকুসুম - অসম্ভব বস্তু
আঠারো আনা - বাড়াবাড়ি করা।

40) বিকল' শব্দের 'বি' কোন শ্রেণির উপসর্গ?

1) ফারসি

✔ 2) সংস্কৃত
3) বাংলা
4) হিন্দি

**ব্যাখ্যা :** বি' সংস্কৃত উপসর্গ ও বাংলা উপসর্গ উভয়টিতেই আছে। বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম বা সংস্কৃত উপসর্গ মোট ২০ টি। যথাঃ প্র,পরা,অপ,সম,নি,অনু, অব, নির,দুর,বি,অধি, সু, উৎ, পরি, প্রতি অতি, অপি, অভি, উপ, আ। বাংলা উপসর্গ মোট ২১টি। যথাঃ অ অনা, অজ, অঘা, আ, আড়, আন, আর, ইতি, ঊন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। প্রয়োগ : অ—অবহেলা, অকাজ।[তথ্যসূত্রঃ বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি]

41) Which of the following sentence is correct one?

1) My father was is hospital during six weeks in summer
2) In summer during six weeks my father was in hospital
3) My father was in a hospital during six weeks in summer.
✔ 4) My father was in hospital for six weeks during the summer.

**ব্যাখ্যা :** We use during to say when something happens, if the happens in or over a period of time. এখানে, period of time বুঝাতে for six weeks এবং গ্রীষ্মকালে বুঝাতে during শব্দটি ব্যবহার করা হয়েছে।

42) বাংলাদেশ উন্নয়ন ফোরামের সমন্বয়কারী কোন সংস্থা?

✔ 1) এডিবি
2) বিশ্বব্যাংক
3) জাইকা
4) আইএমএফ

**ব্যাখ্যা :** বাংলাদেশের উন্নয়ন ফোরাম এর প্রতিষ্ঠাকালীন নাম বাংলাদেশ এইড গ্রুপ। যা ১৯৭৪ সালে গঠিত হয়। বাংলাদেশ উন্নয়ন ফোরাম হলো বাংলাদেশের সরকার এবং দাতা সংস্থাগুলোর মধ্যে সংঘটিত হওয়া একটি দ্বি-বার্ষিক সম্মেলন। বাংলাদেশ এইড গ্রুপের প্রথম বৈঠক ২৯ অক্টোবর ১৯৭৪ ; প্যারিস, ফ্রান্স এ সংঘটিত হয়। এর প্রধান সমন্বয়কারী সংস্থা ও সভাপতিত্ব করে বিশ্বব্যাংক।ঢাকায় অনুষ্ঠিত BDF বৈঠক

43) ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?

1) লাভ ২৫%
2) লাভ ১০%
3) ক্ষতি ২৫%
✔ 4) ক্ষতি ৫০%

**ব্যাখ্যা :** ধরি, বিক্রয়মূল্য x টাকা

Hello BCS

সুতরাং, ক্রয়মূল্য 2x টাকা
তাহলে, ক্ষতি = (২x - x) = x টাকা
এখন,
2x টাকায় ক্ষতি হয় x টাকা
∴ 1 টাকায় ক্ষতি হয় x/2x টাকা
∴ 100 টাকায় ক্ষতি হয় (x × ১০০)/2x টাকা
= ৫০ টাকা

44) দ্বীপ' এর ব্যাস বাক্য

1) চারদিকে জল যার
2) দুদিকে আবদ্ধ জল যার
✔ 3) দুদিকে অপ যার
4) দ্বীপের মতো

**ব্যাখ্যা :** নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসঃ যে বহুব্রীহি সমাস কোন নিয়মের অধীনে নয় তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি বলা হয়।

45) সমুদ্রে দ্রাঘিমাংশ নির্ণয়ের যন্ত্রের নাম -

✔ 1) ক্রনোমিটার
2) কম্পাস
3) সিসমোগ্রাফ
4) সেক্সটান্ট

Hello BCS

**ব্যাখ্যা :** * যে সূক্ষ্ম যন্ত্রের সাহায্যে সঠিকভাবে কাল নিরূপণ করে সাগর বক্ষে দ্রাঘিমাংশ নির্ণয় করা যায় তাকে ক্রোনোমিটার বলে।
* কম্পাস হচ্ছে দিক নির্দেশক যন্ত্র।
* সিসমোগ্রাফ যন্ত্রের সাহায্যে প্রধানত ভূমিকম্প, অগ্নুৎপাত বা অন্য যে কোনও কারণে সংঘটিত ভূত্বকীয় বা ভূগর্ভস্থ কম্পনের তীব্রতা মাপা হয়।
* সেক্সন্ট্যান্ট হলো প্রতিবিম্বিত নেভিগেশন যন্ত্র যা দুটি দৃশ্য মান বস্তুর মধ্যে কৌণিক দূরত্ব পরিমাপ করে। যেমন সূর্যের উন্নতি কোন নির্নয়ে ব্যাবহার হয়।

46) উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?

✔ 1) শশব্যস্ত
2) কালচক্র
3) বহুব্রীহি
4) পরাণ পাখি

**ব্যাখ্যা :** উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। যেমনঃ শশের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত।

47) উৎকর্ষতা' শব্দটি অশুদ্ধ কেন?

1) ঋ-ত্ব বিধানজনিত
✔ 2) প্রত্যয়জনিত
3) উপসর্গজনিত
4) সন্ধিজনিত

**ব্যাখ্যা :** উৎকৃষ্ট শব্দটি একটি বিশেষণ (adjective), যার বিশেষ্য রূপ (noun) উৎকর্ষ। বিশেষণ থেকে বিশেষে রূপান্তরের ক্ষেত্রে অনেক সময় বিশেষণের শেষে তা যোগ করা হয়। তেমনিভাবে উৎকৃষ্ট বিশেষণটিকে বিশেষ্যে রূপান্তর করতে এর শেষে তা যোগ করে উৎকৃষ্টতা বলা যেতে পারে, সেটিও সঠিক। কিন্তু উৎকর্ষ শব্দটি নিজেই যেখানে বিশেষ্য সেখানে এর শেষে তা যোগ করে একে নতুন করে বিশেষ্য বানানোর কোনো প্রয়োজন নেই। এ কারণেই উৎকর্ষতা শব্দটি অশুদ্ধ। [তথ্যসূত্রঃ বিভিন্ন বাংলা সাহিত্য ব্লগ]

48) তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহন করেন কোন কবি?

✔ 1) জসীমউদ্দীন
2) ফররুখ আহমদ
3) আবুল হাসান
4) হীদ কাদরী

**ব্যাখ্যা :** জসীম উদ্দীন ১৯০০ সালের ১ জানুয়ারি ফরিদপুর জেলার তাম্বুলখানা গ্রামে মাতুলানায় জন্মগ্রহণ করেন। মোহাম্মাদ জসীম উদ্দীন মোল্লা তার পূর্ণ নাম হলেও তিনি জসীম উদ্দীন নামেই পরিচিত। তার বাবার বাড়ি ছিল একই জেলার গোবিন্দপুর গ্রামে। বাবার নাম আনসার উদ্দিন মোল্লা। জসীম উদ্‌দীন একদম অল্প বয়স থেকেই লেখালেখি শুরু করেন। কলেজে অধ্যয়নরত থাকা অবস্থায়, পরিবার এবং বিয়োগান্ত দৃশ্যে, একদম সাবলীল ভাষায় তিনি বিশেষ আলোচিত কবিতাকবর লিখেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাবস্থায় এই কবিতাটি প্রবেশিকার বাংলা পাঠ্যবইয়ে স্থান পায়। তার অন্যতম সাহিতকর্মের মধ্যে রয়েছে কাব্যগ্রন্থঃ রাখালী (১৯২৭), নকশী কাঁথার মাঠ(১৯২৯),বালুচর(১৯৩০), ধানখেত (১৯৩৩), সোজন বাদিয়ার ঘাট (১৯০০) নাটকঃ পদ্মাপার (১৯৫০), বেদের মেয়ে (১৯৫১), মধুমালা (১৯৫১), পল্লীবধূ (১৯৫৬) উপন্যাসঃ বোবা কাহিনী (১৯৬৪),ভ্রমণ কাহিনীঃ চলে মুসাফর (১৯৫২), হলদে পরির দেশে(১৯৬৭), যে দেশে মানুষ বড় (১৯৬৮), জার্মানীর শহরে বন্দরে (১৯৭৫) (তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া)

49) গড্ডালিকা প্রবাহ' বাগধারটিতে 'গড্ডল' শব্দের অর্থ কি?

1) স্রোত
2) সময়
✔ 3) ভেড়া
4) নদী

Hello BCS

**ব্যাখ্যা :** গড্ডল' ও 'গড্ডর' শব্দের স্ত্রীলিঙ্গ, যার মানে হচ্ছে 'ভেড়া' কিংবা 'মেষ'। এই গড্ডল হয়েই বাংলায় 'গাড়ল' কথাটিও জন্মেছে। কাজেই, 'গড্ডলিকা' আসলে বলা হয় একটা মেষ দলে সামনে থাকা আগুয়ান মেষীটিকে। এবং বাকি ভেড়ারা অন্ধভাবে তাকে অনুসরণ করে আর দলটা একটি নদীর মতো বইতে বইতে এগোতে থাকে। এরই অনুপ্রেরণায় যখন কেউ অন্ধভাবে, নিজে কোনও বিবেচনা না করে, সবাই করছে দেখে কোনও কাজে নিয়োগ দেয়, তখন 'গড্ডলিকা প্রবাহ', 'মেষদল', 'ভেড়ার পাল' এই সমস্ত কথাগুলো ব্যবহার হয়। ইংরেজিতেও একই বাগধারাটি রয়েছে, "A flock of sheep"।

50) মধ্য আমরেরিকার কোন দেশে স্থায়ী সেনাবাহিনী নেই

1) কলম্বিয়া
2) নিকারাগুয়া
✔ 3) কোস্টারিকা
4) এল সাল্ভাদর

**ব্যাখ্যা :** I. Andorra (অ্যান্ডোরা)
II. Dominica (ডোমিনিকা )
III. Grenada (গ্রানাডা)
IV. Kiribati (কিরিবাতি)
V. Liechtenstein (লিখস্টেনস্টাইন)
VI. Marshall Islands (মার্শাল আইল্যান্ড)
VII. Federated States of Micronesia (ফেডারেন্টেড স্টেটস অফ মাইক্রোনেশিয়া)
VIII. Nauru (নাউরু)
IX. Palau (পালাউ )
X. Saint Lucia (সেন্ট লুসিয়া)
XI. Saint Vincent and the Grenadines (সেন্ট ভিনসেন্ট ও গ্রেনাডাইন দ্বীপপুঞ্জ)
XII. Samoa ( সামোয়া)
XIII. Solomon Islands (সলোমন দ্বীপপুঞ্জ)
XIV. Tuvalu (তুভালু )
XV Vatican City (ভ্যাটিক্যান সিটি)
* অফিসিয়াল সেনাবাহিনী নেই কিন্তু সীমিত মিলিটারী ফোর্স রয়েছে— এমন দেশের নাম সমুহঃ
I. Costa Rica (কোস্টা রিকা )
II. Iceland (আইসল্যান্ড)
III. Mauritius (মরিশাস)
IV. Monaco (মোনাকো)
V. Panama (পানামা )
VI. Vanuatu (ভানুয়াটু)

Hello BCS

51) He knew it was a very .... operation but he was determined to carry it out.

1) difficult
2) dangerous
✔ 3) risky
4) troubiesoms

**ব্যাখ্যা :** এখানে, ক. difficult কঠিন।
খ. dangerous - বিপজ্জনক।
গ. risky - ঝুঁকিপূর্ণ।
ঘ. troublesome - বিপদজনক।
তিনি জানতেন যে এটি খুব ঝুঁকিপূর্ণ কার্যক্রম তবে তিনি তা সঞ্চিত করতে নিশ্চিত ছিলেন। সুতরাং সঠিক উত্তর 'গ'।

52) ক একটি কাজ ১৫ দিনে করতে পারে। যদি খ, ক এর দ্বিগুণ কাজ করে তবে ক এবং খ একত্রে ঐ কাজ শেষ করতে কত দিন লাগবে?

1) ৩ দিন
✔ 2) ৫ দিন
3) ২ দিন
4) ৬ দিন

**ব্যাখ্যা :** ক কাজটি সম্পন্ন করে ১৫ দিন।
খ কাজটি সম্পন্ন করে = ১৫/২ = ৭.৫ দিনে।
মোট সময় = (১৫×১৫/২)* (১৫+১৫/২) দিন = (২২৫/২)/(৪৫/২) দিন = ৫ দিন ।

Hello BCS

53) একটি ১০,০০০ টাকার বিলের উপর এককালীন ৪০% কমতি এবং পরপর ৩৬% ও ৪% কমতির পার্থক্য কত টাকা?

✔ 1) ১৪৪
2) ২৫৬
3) ৪০০
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** ১০, ০০০ টাকার ৪০% = ৪, ০০০ টাকা
আবার, ১০, ০০০ টাকার ৩৬% = ৩৬০০ টাকা এবং (১০, ০০ - ৩৬০০) টাকার ৪% = ২৫৬ টাকা
অতএব, কমতির পার্থক্য = ৪০০০০ - ( ৩৬০০ + ২৫৬ ) = ১৪৪ টাকা

54) একটি বাক্সের দুই-তৃতীয়াংশ শার্ট পরীক্ষা করার পর ৪টি ত্রুটিযুক্ত এবং বাকি ৩৬টি ত্রুটিযুক্ত পাওয়া গেল। ৮৫% শার্ট ত্রæটিমুক্ত পেতে হলে অবশিষ্ট শার্টের মধ্যে কতটি ত্রুটিমুক্ত শার্ট পেতে হবে?

✔ 1) ১৫
2) ১৯
3) ১৭
4) ৫১

**ব্যাখ্যা :** 2/3 অংশ শার্ট = (4 + 36) বা 40 টি
⁂ ১ ” ” = (40 × 3)2 বা 60 টি
এখন, 60 এর 85 = 60 এর 85/100 = 51 টি
⁂ অবশিষ্ট শার্টের মধ্যে ত্রুটিযুক্ত শার্ট = 51 - 36 = 15 টি

55) বেলা অবেলা কালবেলা' এর লেখক কে?

1) সুকান্ত ভট্টাচার্য
✔ 2) জীবনানন্দ দাশ
3) কাজী নজরুল ইসলাম
4) সমরেশ

**ব্যাখ্যা :** গ্রামবাংলার ঐতিহ্যময় নিসর্গ ও রূপকথা-পুরাণের জগৎ জীবনানন্দের কাব্যে হয়ে উঠেছে চিত্ররূপময়, তাতে তিনি 'রূপসী বাংলার কবি' অভিধায় খ্যাত হয়েছেন। বুদ্ধদেব বসু তাঁকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন। অন্যদিকে, অন্নদাশঙ্কর রায় তাঁকে 'শুদ্ধতম কবি' অভিধায় আখ্যায়িত করেছেন।সমালোচকদের অনেকে তাঁকে রবীন্দ্রনাথ ও নজরুল-পরবর্তী বাংলা সাহিত্যের প্রধান কবি বলে মনে করেন। জীবনানন্দ দাশের বিখ্যাত কাব্যগ্রন্থগুলোর মাঝে রয়েছে রূপসী বাংলা, বনলতা সেন, মহাপৃথিবী, বেলা অবেলা কালবেলা, শ্রেষ্ঠ কবিতা ইত্যাদি।সুকান্ত ভট্টাচার্য এর রচনাবলির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলো : ছাড়পত্র (১৯৪৭), পূর্বাভাস (১৯৫০), মিঠেকড়া (১৯৫১), অভিযান (১৯৫৩), ঘুম নেই (১৯৫৪), হরতাল (১৯৬২), গীতিগুচ্ছ (১৯৬৫) প্রভৃতি।কাজী নজরুল ইসলাম এর বই সমগ্র এর মাঝে উল্লেখযোগ্য হলো ‘রিক্তের বেদন', 'দোলনচাঁপা', 'বিষের বাঁশি', 'সাম্যবাদী', 'সর্বহারা', 'প্রলয়শিখা', অগ্নীবিণা, ইত্যাদি।

Hello BCS

56) What kind of noun is 'Cattle'?

1) Common
2) Material
✔ 3) Collective
4) Proper

**ব্যাখ্যা :** A collective noun is a noun that names a group of people or things. Cattle: a group of animals that includes cows, buffalo, and bison, that are often kept for their milk or meat.

Source: Oxford and Merriam Webster Dictionary

57) Which of the following sentence is correct?

1) He disguished himself lest he be recognized.
✔ 2) He was disguised lest he should be recognized
3) He disguised lest he be recognized.
4) He disguised himself lest he can be recognized.

**ব্যাখ্যা :** Structure: Principal Clause + lest + 1st subject + should + verb (present form) + extension
Examples: He ran away lest he should be seen

58) যদি কোনো বর্গক্ষেত্রের বাহুর পরিমাণ ৩০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

1) ৬০%
✔ 2) ৬৯%
3) ৯০%
4) ৯৯%

**ব্যাখ্যা :** বর্ধিত ক্ষেত্রফল = (১৩০)$^2$ / ১০০ = ১৬৯
সুতরাং ক্ষেত্রফল বৃদ্ধি = (১৬৯-১০০) = ৬৯%

59) একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সেমি এবং উচ্চতা x সেমি হলে x এর মান কোনটি?

1) √২
✔ 2) √৩
3) ২
4) ৩

**ব্যাখ্যা :** অতিভুজ$^২$ = ভূমি$^২$ + উচ্চতা$^২$
উচ্চতা, x = √(অতিভুজ$^২$)-(ভূমি$^২$ )
= √ (২$^২$ -২$^২$ )
= √(৪-১)
= √৩

60) A philanthropist is someone who -

1) is extremely intelligent
✔ 2) is rich and helps the poor and the needy
3) studies philology
4) under stands the secret of the needy

**ব্যাখ্যা :** A philanthropist is someone who donates time, money, experience, skills or talent to help create a better world.

Hello BCS

Genius - One who is extremely intelligent
Philologist - One who studies philology
Empathetic - One who understands the secret of the needy

61) কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন সম্ভব?

✔ 1) ৫,৬,৭
2) ৫,৭,১৪
3) ৩,৪,৮
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** ত্রিভুজের দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বেশি হলে ত্রিভুজ অঙ্কন করা সম্ভব। সুতরাং ৫+৬ = ১১>৭

62) Letter of credit ইস্যু করে -

1) বাংলাদেশ ব্যাংক
✔ 2) আমদানিকারকের ব্যাংক
3) রপ্তানিকারকের ব্যাংক
4) আইএমএফ

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যের মূল্য পরিশোধের একটি নিরাপদ মাধ্যম হল লেটার অব ক্রেডিট। আমদানী রপ্তানিতে ক্রেতা এবং বিক্রেতা ভিন্ন দেশে অবস্থান করে বিধায় উভয়ের মধ্যে একটা আশংকা বিরাজ করে। ক্রেতা ভয় পায় পণ্য ঠিকঠাক মত বুঝে পাবে কিনা আর বিক্রেতার ভয় থাকে পণ্যমূল্য পাবে কিনা। এক্ষেত্রে লেটার অব ক্রেডিট হল সেই মাধ্যম যা ব্যাংকের মাধ্যমে বিক্রেতার মূল্য পরিশোধের এবং ক্রেতার কাছে তার পণ্য সঠিকভাবে প্রেরণের নিশ্চয়তা দেয়। লেটার অব ক্রেডিটের সাথে কিছু পক্ষ জড়িত থাকে। তারা হলেনঃ

১) এপ্লিকেন্টঃ যার অনুরোধে ব্যংক L/C খোলে। বায়ার, আমদানি কারক, কাস্টমার হচ্ছেন এপ্লিকেন্ট।
২) বেনিফিশিয়ারিঃ বেনিফিশিয়ারি হলেন রপ্তানি কারক বা সেলার যার অনুকূলে ব্যাংক L/C খুলে থাকে।
৩) ইস্যুয়িং ব্যাংকঃ এই ব্যাংক বায়ার বা আমদানি কারকের পক্ষে LC ইস্যু করে। এটাকে আবার ওপেনিং ব্যাংক ও বলা হয়।
৪) এডভাইজিং ব্যাংকঃ এডভাইজিং ব্যাংক হল ওপেনিং ব্যাংকের প্রতিনিধি। ওপেনিং ব্যাংকের অনুরোধে এই ব্যাংক ঋণপত্র সুবিধা প্রদান করে। এই ব্যাংক রপ্তানিকারকের দেশে অবস্থিত। এডভাইজিং ব্যাংক কোন কনফার্মিং ব্যাংক নয়।
৫) নমিনেটেড ব্যাংকঃ নমিনেটেড ব্যাংক হল সেই ব্যাংক যেখানে ঋণপত্র সুলভ। এই ব্যাংক সর্বদা ঋণপত্রের মূল্য পরিশোধ করতে প্রস্তুত থাকে।
৬) কনফার্মিং ব্যাংকঃ ইস্যুয়িং ব্যাংক পণ্যমূল্য পরিশোধ করতে না পারলে কনফার্মিং ব্যাংক তা পরিশোধ করবে। এই ব্যাংক সাধারণত এডভাইজিং ব্যাংক হিসেবেও কাজ করে এবং ঋণপত্রের নিশ্চয়তা দিয়ে থাকে।
৭) রিইমবার্সিং ব্যাংকঃ এই ব্যাংক ইস্যুয়িং ও নমিনেটেড ব্যাংক বা কনফার্মিং ব্যাংকের মধ্যে মীমাংসাকারী হিসেবে কাজ করে।

Hello BCS

63) Choose the correct meaning of the idiomatic phrases 'put something off

1) tolerate something
2) throw something away
✔ 3) postpone or cancel a meeting or and engagement
4) hide something

**ব্যাখ্যা :** The idiomatic phrase "put something off" means to delay or postpone doing something that was originally planned or scheduled to be done at a particular time or date. It implies that the action or task is not being done immediately as intended, but rather it is being pushed to a later time or date.
Example:
• "I have to put off my doctor's appointment until next week because I got busy with work." "We decided to put off the picnic due to the bad weather forecast."
• "Don't put off studying for the exam; it's better to start preparing early."
[তথ্যসুত্রঃ Cambridge English]

64) নিচে কোনটি অঘোষ মহাপ্রাণ ধ্বনি?

1) চ
✔ 2) ঠ
3) ভ
4) ছ

Hello BCS

**ব্যাখ্যা :** অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনি : যে ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয় বা ফুসফুস থেকে বের হওয়া বাতাসের জোর বেশি থাকে, তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। আর যে ধ্বনিগুলোতে বাতাসের জোর কম থাকে, নিঃশ্বাস জোরে সংযোজিত হয় না, তাদেরকে অল্পপ্রাণ ধ্বনি বলে
অল্পপ্রাণ ধ্বনি - ক,চ,ট,ত,প,গ,জ,ড,দ,ব
মহাপ্রাণ ধ্বনি - খ,ঘ,ছ,ঝ,ঠ,ঢ,থ,ধ,ফ,ভ
ঘোষ ও অঘোষ ধ্বনি যে সকল ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, অর্থাৎ গলার মাঝখানের উঁচু অংশে হাত দিলে কম্পন অনুভূত হয়, তাদেরকে ঘোষ ধ্বনি বলে। আর যে সব ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাদেরকে অঘোষ ধ্বনি বলে। যেমন, ক, খ, চ, ছ, ট,ঠ,ত,ঠ,প,ফ- এগুলো অঘোষ ধ্বনি। আর গ, ঘ, জ, ঝ,ড,ঢ, দ, ধ,ব, ভ- এগুলো ঘোষ

65) হাড় ও দাঁতকে মজবুত করে-

1) আয়োডিন
2) আয়রন
3) ম্যাগনেসিয়াম
✔ 4) ম্যাগনেসিয়াম ও ফসফরাস

**ব্যাখ্যা :** মানবদেহে ক্যালসিয়াম (ঈধ), লৌহ (ঋব), সালফার (ঝ), দস্তা (তহ), সোডিয়াম (ঘধ), পটাসিয়াম (ক) আয়োডিন (ও) ইত্যাদি খনিজ লবণ থাকে। এ উপাদানগুলো কখনও মৌলিক উপাদানরুপে মানবদেহে অবস্থান করে না। এগুলো খাদ্য ও মানবদেহে বিভিন্ন পরিমাণ অন্য পদার্থের সাথে মিলিত হয়ে নানা জৈব ও অজৈব যৌগের লবণ তৈরি করে।
আয়োডিনের গুরুত্বঃ আয়োডিন দেহে থাইরয়েড গ্রন্থিতে থাইরক্সিন হরমোন তৈরিতে সাহায্য করে। আয়োডিন যুক্ত এই হরমোন মানবদেহে বিভিন্ন কাজ করে থাকে। যেমন—
* শিশুর দেহের স্বাভাবিক বর্ধনের জন্য প্রয়োজন।
* দেহের বিপাক নিয়ন্ত্রণ করে।
* মস্তিক ও স্নায়ুর বিকাশে সাহায্য করে।
লৌহ বা আয়রনের কার্যকরিতা :
* রক্তের হিমোগ্লোবিন তৈরির জন্য লৌহ পৰয়োজন ।
* কিছু কিছু এনজাইমের কাজে সহায়তা করে থাকে।
* জীবিত প্রাণিকোষের শ্বসণের জন্য অপরিহার্য।
ক্যালসিয়ামের গুরুত্বঃ শরীরে ক্যালসিয়ামের অভাব হলে তাকে হাইপোক্যালসেমিয়া বলে। এটি তখনই হয়, যখন আমাদের শরীরের ক্যালসিয়ামের মাত্রা ঠিক থাকে না। এর অভাবে হাড় ক্ষয় বা অস্টিওপরোসিস রোগও হতে পারে। সাধারণত বয়স বাড়লে হাড়ের ঘনত্ব কমে গিয়ে পাতলা হয়ে যায়।
ফসফরাসের গুরুত্বঃআমাদের জীবনধারনের অত্যাবশ্যকীয় উপাদান DNA, RNA ও ATP এর কম্পোনেন্ট হিসেবে কাজ করে ফসফেট। তাছাড়া দাঁতের ক্ষয় রোধ করে ফসফরাস।

66) I finally killed the fly .... a rolled up newspaper.

1) by
✔ 2) with
3) through
4) form

**ব্যাখ্যা :** কোন কাজ ব্যক্তির মাধ্যমে করা বুঝালে by এবং বস্তুর মাধ্যমে করা বোঝালে with ব্যবহৃত হয়। এখানে a rolled up newspaper একটি বস্তু তাই with বসবে।

67) The synonym of 'genesis' is

1) introduction
2) preface
✔ 3) beginning
4) foreword

**ব্যাখ্যা :** "Genesis" means the origin or mode of formation of something. Synonym:origin, source, root, beginning, commencement, start, outset,formation, emergence, development, evolution, coming into being, inception, origination, birth, creation, shaping, formulation, invention, engendering, generation, propagation. [: Oxford Dictionary]

Hello BCS

68) Word 'No .... Tobacco Day' is observed on

1) May 25
2) May 28
3) May 30
✔ 4) May 31

ব্যাখ্যা : Word No Tobacco Day is observed around the world every year on 31 May ..... May 28 is the International Day of Action for Women's Health.

69) নিচের কোন সমীকরণটি'র একটি মূল 2+i√3

1) $x^2 + 4x - 7 = 0$
2) $x^2 - 3x + 2 = 0$
✔ 3) $x^2 - 4x + 7 = 0$
4) $x^2 - 4x - 7 = 0$

ব্যাখ্যা : For a quadratic equation $ax^2 + bx + c = 0$
The roots are calculated using the formula,
$x = \{-b\pm\sqrt{(b^2 - 4ac)}\}/ 2a$
For the equation, $x^2 - 4x + 7 = 0$
Here, a = 1, b = -4, c = 7
Root, $x = \{4\pm\sqrt{((-4)^2 - 4\times1\times7)}\}/ (2\times1)$
$= \{4\pm\sqrt{(16-28)}\}/2$
$= \{4\pm\sqrt{(-12)}\}/2$
$= \{4\pm\sqrt{(12i^2)}\}/2$
$= (4\pm 2i\sqrt{3})/2$
$= 2\pm i\sqrt{3}$
সুতরাং সমীকরণটির একটি মূল 2±i√3 এবং অন্য মূল 2- i√3

70) কোন বাক্যটি শুদ্ধ?

✔ 1) তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
2) দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
3) সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল
4) সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত

ব্যাখ্যা : ∎এখানে শুদ্ধ বাক্য --তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS